গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
ইউএসওএফ ব্যবস্থাপনা

## সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ৩০ নভেম্বর ২০২০ এ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মহসিনুল আলম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ৩০ নভেম্বর ২০২০ খ্রি: |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা । |
| স্থান | ডিওটি সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে সন্নিবেশিত হলো । |

সভাপতি সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অত:পর কার্যপত্র মোতাবেক আলোচনা করা হয় ।

(১) বকেয়া বেতন-ভাতা :

সভায় ডিওটির পক্ষ হতে জানানো হয় যে , বর্তমানে ডিওটিতে কর্মরত যে সমস্ত কর্মকর্তা-কর্মচারি টাইমস্কেল - সিলেকশন গ্রেড প্রাপ্তি, বেতন সমতাকরণ , সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার ইত্যাদি বিভিন্ন কারণে বিটিসিএলে কর্মকালীন সময়ের বকেয়া বেতন প্রাপ্য হয়েছেন বিটিসিএল হতে তা পাওয়া যাচ্ছে না । গত ০৫.১১.২০২০খ্রিঃ তারিখে ডিওটি'র ১৯তম মাসিক সমন্বয় সভায়ি বিটিসিএল এর সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক অনানুষ্ঠানিকভাবে উপস্থিত হলে এ বিষয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি কর্মকর্তা-কর্মচারী সকল পর্যায়ে বিটিসিএল এ কর্মরত থাকাকালীন বকেয়া পরিশোধের আশ্বস্ত করেন । সভায় জানানো হয় যে, এ যাবৎ ০৮ (আট) জন কর্মকর্তা-কর্মচারীর বিটিসিএল হতে মোট ১৯,০৮,৬৭২.০০ টাকা বকেয়া প্রাপ্তির দরখাস্ত পাওয়া গিয়েছে । উপস্থিত বিটিসিএল এর প্রতিনিধিগণ বকেয়া বেতন-ভাতাসমূহ যথাশীঘ্র পরিশোধের ব্যবস্থা গ্রহণ করবেন বলে জানান ।

সিদ্ধান্ত : বকেয়া বেতন-ভাতাসমূহ দ্রুত পরিশোধের জন্য বিটিসিএল কেন্দ্রীয় কার্যালয় হতে মাঠ পর্যায়ে একটি সার্কুলার জারি করবেন এবং প্রয়োজনীয় বাজেট ( প্রযোজ্য ক্ষেত্রে) বরাদ্দ করবেন ।

বেতন সমতাঃ

ডিওটি হতে বিটিসিএল এ প্রেষণে কর্মরত চতুর্থ শ্রেণির বেশ কিছু কর্মচারীর বেতন সমতার দরখাস্ত কোনরুপ যাচাই-বাছাই ছাড়াই বিটিসিএল হতে ডিওটিতে প্রেরণ করা হচ্ছে । সাবেক বিটিটিবিতে যোগদানকৃত এই সকল কর্মচারী বিটিটিবি'র বিভিন্ন অঞ্চল কর্তৃক নিয়োগ করা হয়েছে; যার প্রেক্ষিতে অঞ্চল ব্যতীত কেন্দ্রীয়ভাবে তাদের কোন গ্রেডেশন তালিকা নেই । পোস্ট খালি না থাকায় একই সাথে যোগদানকৃত কোন অঞ্চলের কর্মচারী অন্য কোন অঞ্চলের কর্মচারী হতে পদোন্নতি হতে বঞ্চিত হয়েছেন এবং বেতন-ভাতার গ্রেডেও পিছিয়ে রয়েছেন । এই সব বেতন গ্রেডে পিছিয়ে পরা কর্মচারীগণ এখন বেতন-ভাতা সমতার জন্য দরখাস্ত করছেন । যেহেতু বর্ণিত কর্মচারীগণ বিভিন্ন অঞ্চল হতে নিয়োগপ্রাপ্ত এবং যেহেতু তাদের কোন কেন্দ্রীয় গ্রেডেশন তালিকা নেই, তাই তাদের বেতন-সমতার বিষয়টি অযৌক্তিক ।

সিদ্ধান্তঃ বিটিসিএল হতে বেতন-সমতার এ ধরনের কোন দরখাস্ত যেন না প্রেরণ করা হয়ে সে বিষয়ে বিটিসিএল কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন এবং ডিওটিতে গ্রহণকৃত এ ধরনের দরখাস্ত অবিলম্বে বিটিসেএল-এ ফেরৎ পাঠানোর ব্যবস্থা করা হবে ।

(২) পেনশন সহজিকরণের লক্ষ্যে দ্রুত অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ :

সভায় ডিওটির পক্ষ হতে জানানো হয় যে , অবসরপ্রাপ্ত কর্মচারীদের পেনশন মঞ্জুরি আদেশ জারি করার জন্য বিটিসিএল হতে না-দাবী প্রত্যয়ন সংগ্রহ করতে হয় । পিআরএল ভোগরত/অবসরপ্রাপ্ত একজন কর্মচারীর পক্ষে তার পূর্বের বিভিন্ন কর্মস্থল হতে প্রত্যয়ন সংগ্রহ করা জটিল ও সময়সাপেক্ষ বিষয় হয়ে দাড়াঁয় । সভায় কর্মচারীগণের প্রত্যয়নপত্র এলপিসি ইস্যুর সময় একই সাথে প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা করা হয় । বিটিসিএল এর প্রতিনিধি জানান যে, এ সংক্রান্ত

ডেটাবেজ অটোমেশনের কাজ চলমান রয়েছে এবং যার প্রায় ৯০% কাজ সমাপ্ত হয়েছে। ডেটাবেজের কাজটি সম্পূর্ণ হলে কেন্দ্রীয়ভাবে দ্রুততার সাথে অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করা সম্ভব হবে। অডিট আপত্তির ডেটাবেজ নিয়ে বিশদভাবে আলাচনা করা হয় এবং প্রাতিষ্ঠানিক আপত্তিগুলো যেন ব্যক্তিগত আপত্তি না হয় সে বিষয়ে সতর্কতা অবলম্বনের জন্য গুরুত্ব দেয়া হয়।

সিদ্ধান্ত : অবসর গমনকারী কর্মচারীর এলপিসি প্রদানের সময় একই সাথে অডিট সংক্রান্ত না-দাবী প্রত্যয়ন ইস্যুর ব্যবস্থা করা এবং দ্বি-পক্ষীয় / ত্রি-পক্ষীয় অডিট সংক্রান্ত সভায় ডিওটি'র একজন প্রতিনিধিকে অন্তর্ভূক্ত করা।

(৩) কল্যাণ তহবিল হতে অনুদান প্রাপ্তিতে জটিলতা নিরসন:

কল্যাণভাতা, যৌথবীমা এবং দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদানের আবেদনের ক্ষেত্রে গত ১ নভেম্বর, ২০২০ হতে অনলাইনে URL:sss.bkkb.gov.bd ব্যবহার করে আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজপত্রের স্ক্যান কপি সংযুক্ত করে আবেদন দাখিল করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র পাওয়া গিয়েছে যা ইতোমধ্যে ডিওটি'র কর্মচারীগণ যে সকল প্রতিষ্ঠানে কর্মরত রয়েছেন সেখানে পৃষ্ঠাংকন করে জানানো হয়েছে এবং ডিওটি'র ওয়েব সাইটে তা আপলোড করা হয়েছে।

ইতোপূর্বে কোন সরকারি কর্মচারী মৃত্যুবরণ অথবা গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষমতাজনিত আর্থিক অনুদানের আবেদন টেলিযোগাযোগ বিভাগ হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হতো। জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং ০৫.০০.০০০০.১২৩.০২.০০৬.১৮-৮৪৫, তারিখঃ ৩০ সেপ্টেম্বর ২০২০ অনুযায়ী বর্ণিত আবেদন বিভাগীয় পর্যায়ে কর্মচারী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বিভাগীয় কমিশনার বরাবর এবং জেলা ও উপজেলা পর্যায়ে কর্মরত কর্মরত কর্মচারী সংশ্লিষ্ট জেলার ডেপুটি কমিশনার (ডিসি) বরাবর প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত : কল্যাণভাতা, যৌথবীমা এবং দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদানের আবেদন এবং সরকারি কর্মচারী মৃত্যুবরণ অথবা গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষমতাজনিত আর্থিক অনুদানের আবেদন এর নতুন পত্র/পরিপত্র ডিওটি'র ওয়েব সাইটে আপলোড করণ এবং বিটিসিএলকে পত্র দিয়ে অবহিত করতে হবে।

(৪) বিবিধ :

সভায় ডিওটির কর্মকর্তা-কর্মচারী কর্তৃক বসবাসকৃত বিটিসিএল এর বাসা এর ভাড়া বিল সম্পর্কে আলোচনা হয়। ডিওটির কর্মকর্তাগণ জানান যে, বিটিসিএল এর বাসাভাড়ার জমাকৃত বিলের বিপরীতে ক্লিয়ারেন্স সার্টিফিকেট সম্প্রতি প্রদান করা শুরু হয়েছে তবে সবাই তা পাচ্ছেন না।

সিদ্ধান্ত : ডিওটির কর্মকর্তা-কর্মচারী কর্তৃক বসবাসকৃত বিটিসিএল এর বাসার পরিশোধকৃত ভাড়া পরিশোধিত বিলের বিপরীতে ক্লিয়ারেন্স সাটিফিকেট নিয়মিত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা বিটিসিএল গ্রহণ করবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ মহসিনুল আলম
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.৪৫১.৩৫.০০২.১৮.৮৯

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪২৭
১০ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব (নিরীক্ষা) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
২) অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন ও অর্থ, টেলিযোগাযোগ অধিদপ্তর
৩) অতিরিক্ত মহাপরিচালক, কারিগরি, টেলিযোগাযোগ অধিদপ্তর
৪) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল)
৫) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)
৬) ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড

৭) ব্যবস্থাপনা পরিচালক, টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড

৮) পরিচালক, অর্থ অনুবিভাগ, টেলিযোগাযোগ অধিদপ্তর

৯) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন অনুবিভাগ, টেলিযোগাযোগ অধিদপ্তর

১০) উপপরিচালক, টেলিকম নিরাপত্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর



মোঃ মফিজ উদ্দিন
উপপরিচালক